/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

স্মারক নং: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.১৪০.১৯_ ৩৫৫(৭২)   তারিখ: ১১.০২.২০২১খ্রি.

বিষয় : অশ্লীল অনুষ্ঠান সম্প্রচার ও অবৈধ কেবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

সূত্র : ১৫.৫৬.০০০০.০২৪.০৪.০০২.১৫.৪৫ তারিখ : ০৭.০২.২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে অশ্লীল অনুষ্ঠান সম্প্রচার ও অবৈধ কেবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান ও সূত্রোক্ত পত্র এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে

১১/২/২০২১
(বিধান চন্দ্র কর্মকার)
মহাপরিচালক
ফোন : ৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

প্রাপক :

পরিচালক/উপপরিচালক
সিনিয়র তথ্য অফিসার
তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার
তথ্য অফিস (সকল)

অনুলিপি :

০১। উপসচিব, টিভি-২ শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক ( প্রচার ও সমন্বয়/কারিগরি ও প্রশিক্ষণ/প্রশাসন ও অর্থ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালক
পরিচালক (প্রশাসন ও অর্থ)
পরিচালক (কারিগরি ও প্রশিক্ষণ)
পরিচালক (প্রচার ও সমন্বয়)
প্রকল্প পরিচালক
ডাইরি নংঃ- ২২৮
তারিখঃ- ০৭/০২/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

মুজিব শতবর্ষ

নং-১৫.০০.০০০০.০২৪.০৪.০০২.১৫- ৪৫

তারিখঃ ২৪ মাঘ ১৪২৭ / ০৭ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়ঃ অশ্লীল অনুষ্ঠান সম্প্রচার ও অবৈধ কেবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কেবল (cable) নেটওয়ার্ক কার্যক্রমে নিয়োজিত কেবল অপারেটর ও ফিড অপারেটর লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর লাইসেন্স নবায়ন না করে কতিপয় ব্যক্তি ও প্রতিষ্ঠানের মালিক এখনো তাদের ব্যবসা পরিচালনা করছে। কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ৭(২) উপ-ধারা অনুসারে লাইসেন্স নবায়ন না করায় প্রদত্ত লাইসেন্সের শর্ত সুস্পষ্টভাবে লংঘন করা হচ্ছে।

০২। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, কেবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী অনেক ব্যক্তি/প্রতিষ্ঠান অশালীন, নগ্ন ছায়াছবি, অশোভন অংগভঙ্গী ও দৃশ্যাবলি সম্বলিত অশ্লীল অনুষ্ঠান সম্প্রচার করছে। এছাড়া, বাংলাদেশি দর্শকদের জন্য বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে, যা কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ধারা ১৯ এর সুস্পষ্ট লঙ্ঘন। এক্ষেত্রে কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ অনুযায়ী অনুষ্ঠান সম্প্রচার বা সঞ্চালন করা বাঞ্ছনীয়।

০৩। বাংলাদেশ টেলিভিশন থেকে লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ প্রতিষ্ঠানের তালিকা অনুযায়ী অবৈধ কেবল নেটওয়ার্ক ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি/প্রতিষ্ঠান এবং একই আইনের ধারা ১৯ ভঙ্গকারীদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মোবাইল কোর্ট পরিচালনা আবশ্যক। উল্লেখ্য যে, মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলে ৮৩ নং ক্রমিকে কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ অন্তর্ভুক্ত রয়েছে। মোবাইল কোর্ট পরিচালনাকালীন বিভাগীয়/জেলা তথ্য কর্মকর্তা ও বাংলাদেশ টেলিভিশনের লাইসেন্স পরিদর্শকগণ প্রয়োজনীয় সহযোগিতা করবে।

০৪। এমতাবস্থায়, এ বিষয়ে অনতিবিলম্বে মোবাইল কোর্ট পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতীব জরুরি ও জনগুরুত্বপূর্ণ।

০৭.০২.২০২১
(রুজিনা সুলতানা)
উপসচিব
ফোনঃ ৯৫৫৫০১৭
ই-মেইলঃ tv2@moi.gov.bd

জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
.........................................।

নং-১৫.০০.০০০০.০২৪.০৪.০০২.১৫- ৪৫(৭)

তারিখঃ ২৪ মাঘ ১৪২৭ / ০৭ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাঠ প্রশাসন)।
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৬. সভাপতি, ক্যাবল অপারেটরস্ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ঐক্য পরিষদ), নুরজাহান টাওয়ার, (৫ম তলা) প্লট-০২, লিংক রোড, বাংলা মোটর, ঢাকা।
৭. আহবায়ক, ক্যাবল অপারেটরস্ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (সমন্বয় পরিষদ), ন্যাশনাল প্লাজা, ১০৯, বীর উত্তম সিআরদত্ত সড়ক, কাওরান বাজার, ঢাকা।

০৭.০২.২০২১
(রুজিনা সুলতানা)
উপসচিব

F:\TV-2\Letter2020.docx(251)